



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম
সরকারী কার্যভবন-০৯, আগ্রাবাদ, চট্টগ্রাম-৮১০০



নথি নং- ৫ম/২০(১৩)এলসি/এডমিন/২০০২ (অংশ-০১)/২০২৬ /৫২০১ তারিখ ২৪/১০/২০২৬ খ্রি.

সার্ভেয়ার তালিকাভুক্তির পুনঃ বিজ্ঞপ্তি

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম এর আওতাধীন শুল্ক স্টেশনসমূহের মাধ্যমে আমদানিকৃত পেট্রোলিয়ামজাত পণ্য ও অন্যান্য বান্ধ আকারে আমদানিকৃত পণ্যের সঠিক পরিমাণ সার্ভে করার নিমিত্ত কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ২৬৬ এর প্রদত্ত ক্ষমতা বলে কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম কর্তৃক ০২ (দুই) বছর মেয়াদে সার্ভেয়ার প্রতিষ্ঠানসমূহকে তালিকাভুক্তির জন্য এ দপ্তরের নথি নং- ৫ম/২০(১৩)এলসি/এডমিন/২০০২/৪২৮৬, তারিখঃ ০৬/০৯/২০২৬ খ্রি. মোতাবেক বিজ্ঞপ্তি জারির মাধ্যমে আগ্রহী প্রতিষ্ঠানসমূহ হতে আবেদন গ্রহণ করা হয়। কিন্তু উক্ত বিজ্ঞপ্তির বিপরীতে তালিকাভুক্তির জন্য কোন যোগ্য প্রতিষ্ঠান পাওয়া না যাওয়ায় সার্ভেয়ার হিসেবে তালিকাভুক্তির জন্য সকল আগ্রহী প্রতিষ্ঠানের কাছ থেকে **আগামী ০৪/১১/২০২৬খ্রি.** তারিখের মধ্যে নিম্নরূপ প্রয়োজনীয় দলিলাদিসহ কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম বরাবর আবেদন করার জন্য অনুরোধ করা হলো :

১. আবেদনকারীর ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি;
 ২. আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র;
 ৩. প্রতিষ্ঠানের ব্যাংক স্বচ্ছলতার সনদপত্র
 ৪. আবেদনকারী প্রতিষ্ঠানের অবশ্যই নৌ পরিবহন অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত সনদধারী সার্ভেয়ার থাকতে হবে।
আবেদনের সাথে এরূপ প্রমাণক দাখিল করতে হবে।
 ৫. প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স;
 ৬. প্রতিষ্ঠানের আয়কর (TIN) সনদপত্র;
 ৭. প্রতিষ্ঠানের মুসক নিবন্ধন (BIN) সনদপত্র;
 ৮. কাস্টমস হাউস/ স্টেশনে কাজ করার ০২ (দুই) বছরের নূন্যতম অভিজ্ঞতা সনদ (কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত);
 ৯. লিমিটেড কোম্পানি হলে জয়েন্ট স্টক কোম্পানীতে অন্তর্ভুক্তির দলিলাদি; পার্টনারশিপ ব্যবসার ক্ষেত্রে Contract of partnership।
- (খ) মিথ্যা তথ্য, মিথ্যা সার্ভে প্রতিবেদন প্রদান, দায়িত্বহীনতা, অদক্ষতা বা অন্য কোনো অভিযোগ পাওয়া গেলে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম সংশ্লিষ্ট সার্ভে প্রতিষ্ঠানের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণসহ তালিকাভুক্তিকরণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- (গ) পূর্ববর্তী বিজ্ঞপ্তির বিপরীতে যে সকল প্রতিষ্ঠান আবেদন করেছেন, এরূপ সকল প্রতিষ্ঠান প্রয়োজনীয় দলিলাদিসহ পুনরায় আবেদন করতে পারবেন।


(কাজী ইরাজ হাশিমিয়াক)
যুগ্ম কমিশনার
কমিশনারের পক্ষে